



Department of  
Education

নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলসমূহের শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্য পরিষেবা এবং/অথবা সেকশন ৫০৪ অনুযায়ী প্রদত্ত বাড়তি সহায়তার  
রূপরেখা--স্কুলবছর 2016-2017

সকল পিতামাতা, চিকিত্সক, এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের প্রতি:

সকল বিশেষ চাহিদায়ুক্ত শিক্ষার্থীদের শিক্ষাব্যবস্থায় পূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন-এর স্কুল হেলথ অফিস যৌথভাবে কাজ করছে। এই লক্ষ্যে, স্কুলে প্রত্যক্ষ স্বাস্থ্য পরিষেবা এবং/অথবা ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের ৫০৪ ধারার অধীনে সংস্থান লাভে অনুরোধ করার জন্য পিতামাতা ও প্রদানকারীদের অবশ্যই সংযুক্ত ফরম ব্যবহার করতে হবে। এই ফরম প্রিয়াকরণের জন্য শিক্ষার্থীর স্কুলে ফেরত দিতে হবে। প্রত্যেক স্কুলবছরে একটি নতুন অনুরোধ এবং অনুমোদন ফরম আবশ্যিক হবে যদি স্কুলে শিক্ষার্থীর অব্যাহতভাবে অনুরোধকৃত পরিষেবা প্রয়োজন হয়। পূরণ করা ফরম পর্যালোচনা এবং উপযুক্ত শারীরিক পরিষেবা প্রদান করার জন্য নিচে প্রদত্ত রূপরেখাটি অবশ্যই অনুসরণ করতে হবে:

- যে ডাক্তার/স্বাস্থ্যসেবা প্রদানকারী ফরম পূরণ করবেন, তাকে অনুরোধকৃত পরিষেবা ব্যবস্থার সক্রিয় নিয়ন্ত্রণকারী ব্যক্তি হতে হবে।
- নিউ ইয়র্ক স্টেট, নর্ডিন্গ জার্সি অথবা কানেকটিকাটের বৈধ লাইসেন্স, মেডিকেইড ও এনপিআই নম্বর অবশ্যই প্রদান করতে হবে। যদি কোন লাইসেন্স নম্বরহীন প্রশিক্ষণাধীন ডাক্তার ফরম পূরণ করেন, তাহলে একজন সুপারভাইজার (যেমন দায়িত্বরত ডাক্তার) কর্তৃক প্রতিসাক্ষর করিয়ে নিতে এবং এতে সুপারভাইজারের লাইসেন্সনম্বর উল্লেখ করতে হবে।
- আদেশটিকে হতে হবে সুনির্দিষ্ট, স্পষ্ট এবং বিশদভাবে লিখিত যাতে এর পুরোটা নার্স-এর কাছে বোধগম্য হয় এবং চিকিত্সাপদ্ধতি অনুযায়ী দায়িত্বশীলতার সাথে বাস্তবায়ন করা যায়।
- যেসব পরিষেবা স্কুলের সময়ে প্রদান করতে হবে কেবল সেগুলোর জন্য অনুরোধ করুন (যেমন, ওষুধ যদি স্কুলের আগে বা পরে বাড়িতে দেয়া যায় তাহলে সেই ওষুধ স্কুলে দেয়ার জন্য অনুরোধ করবেন না)।
- হোমিওপ্যাথিক ঔষধ সেবন করানো যাবে না।
- শিক্ষার্থীকে স্কুলে ঔষধ সঙ্গে রাখার অনুমোদন আপনি যদি না দেন, তাহলে ঔষধ সাধারণতঃ তালাবদ্ধ ক্যাবিনেট-এ নির্ধারিত কামরায় (যেমন ডাক্তারি কামরা) রাখা হয়। এছাড়া, অ্যালার্জি রেসপন্স প্ল্যান অনুসারে এপিনেফ্রিন ক্লাসরুমে রাখা যাবে এবং শিক্ষার্থী নিজের সঙ্গে বহন করতে পারবে।
- সকল শিক্ষার্থীকে যতদূর সম্ভব আত্মনির্ভরশীল হতে উত্সাহিত করতে পিতামাতা, ডাক্তার, স্কুলকর্মী এবং শিক্ষার্থীদেরকে অবশ্যই একসাথে কাজ করতে হবে। ছেলেমেয়ে যদি নিজে নিজে ঔষধ সেবনে সক্ষম হয়, তাহলে মেডিকেশন ফরম-এর উল্টোপৃষ্ঠায় যথাপ্রয়োজ্য অংশে নামের আদ্যাক্ষর লিখে দিতে হবে। ইন্টারমিডিয়েট এবং হাই স্কুল পর্যায়ের বেশিরভাগ শিক্ষার্থীকে নিজে ওষুধ গ্রহণ করা সমর্থ হতে হবে (যেমন ঔষধটি সঠিক; ঔষধ সেবনের কারণ; ঔষধের সঠিক ডোজ বা পরিমাণ সেবন করছে কি-না; স্কুল দিবসে ঠিক কখন ঔষধ সেবন করতে হবে; ঔষধ সেবন না করলে কি হতে পারে তার ব্যাখ্যা)। এসব শিক্ষার্থীদেরকে স্কুল চলাকালে সেবন করতে হবে যেসব ঔষধ, সেগুলো তত্ত্বাবধান ব্যতিরেকে বহন করার ও সেবন করার অনুমোদন দেওয়া হবে; তবে শিক্ষার্থীদেরকে কখনই নিয়ন্ত্রিত বস্তু বহন করতে অনুমোদন দেওয়া হবে না।

পিতামাতা যথাযথ শনাক্তকরণের জন্য মনে করে মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরমের (এমএএফ) উপরের বাম কোণে আপনার সন্তানের একটি ছোট সাম্প্রতিক ছবি সংযুক্ত করবেন।

মোট চার ধরনের আবেদনপত্র বা অথরাইজেশন ফরম আছে:

- মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরম (এমএএফ) শুধু শিক্ষার্থীদের ওষুধ দেয়ার প্রয়োজনে পূরণ করবেন। অ্যাজমা আক্রান্তদের জন্য ব্যবস্থাপত্র প্রদানকারী এমএএফ-এর সাথে অ্যাজমা অ্যাকশন প্ল্যান সংযুক্ত করে দিতে পারেন। স্কুলের ড্রিপে নেবুলাইজার ব্যবহার করা কষ্টকর হতে পারে, অনুগ্রহ করে সম্ভব হলে ইনহেলার ও স্পেসার-এর ব্যবস্থাপত্র প্রদানের চেষ্টা করবেন। দয়া করে মনে রাখবেন যে তিনটি আলাদা এমএএফ রয়েছে: একটি হাঁপানির ওষুধের জন্য, একটি অ্যালার্জি/আনাল্ফাক্সিস ওষুধের জন্য, এবং একটি অন্যান্য ওষুধের জন্য।
- চিকিত্সকের ব্যবস্থাপত্র অনুসারে চিকিত্সাপ্রদানের বিধান (নন-মেডিকেশন) - পূরণ করতে হবে বিশেষ পদ্ধতির জন্য অনুরোধ করার সময় যেমন ব্লাডার ক্যাথরাইজেশন, পস্চুরাল ড্রেইনেজ, ট্রাকিয়াল সাকশনিং, গ্রাফ্টেনমি টিউব ফিডিং ইত্যাদি। এই ফরম সব ধরনের দক্ষ পরিচর্যা সম্পর্কিত চিকিত্সার জন্য ব্যবহার করা যাবে।



**Department of  
Education**

- ডায়াবেটিস মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরম – সেসব শিক্ষার্থী পূরণ করবে যাদের ডায়াবেটিস হেতু গ্লুকোজ মনিটরিং, ইনসুলিন এবং/অথবা গ্লুকোজেন প্রয়োগ এগুলোর যেকোন একটি আবশ্যিক।
- ৫০৪ ধারায় সংস্থান অনুরোধ ব্যবহার করতে হবে যখন বাধামুক্ত দালান, এলভেটর ব্যবহার, পরীক্ষার পরিবর্তিত পদ্ধতি ইত্যাদির জন্য অনুরোধ করা হয়। এই ফরম রিলেটেড সার্ভিসের জন্য ব্যবহার করা যাবে না যেমন অকুপেশনাল থেরাপি, ফিজিক্যাল থেরাপি, স্পিচ এবং ল্যাঙ্গুয়েজ থেরাপি, কাউন্সেলিং ইত্যাদি যেগুলো শিক্ষার্থীর ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি)তে যথাযথভাবে উল্লেখ ও প্রদান করা হয়েছে। অনুগ্রহ করে জেনে রাখুন যে, ২০১৬-১৭ স্কুল বছরের শুরু থেকে, ৫০৪ বিশেষ সুবিধার ফরমের জন্য একটি পৃথক মেডিকেল রিভিউ থাকবে।

আপনার প্রশ্ন থাকলে শিক্ষার্থীর স্কুলে যোগাযোগ করুন। আপনার সহায়তার জন্য আপনাকে ধন্যবাদ।